

ফতওয়া নং ৩৬৭

প্রশ্ন:

দুই রাকাত সুন্নাতে মুয়াক্কাদাহ নামাজে ভুলে শেষ বৈঠক না করে তৃতীয় রাকাত আদায় করে ফেলেছে, এবং তৃতীয় রাকাতেই বৈঠক করে সাহু দিয়ে নামাজ শেষ করেছে, এতে তার নামাজ সঠিক হয়েছে কি?

উত্তর:

নফল নামায যদি তিন রাকআত পড়ে, আর দুই রাকআতের মাথায় বৈঠক না করে থাকে, তাহলে সেজদায়ে সাহু করলেও সমধিক সহীহ্ মতে নামায ফাসিদ বলে বিবেচিত হবে। সুন্নাতে মুয়াক্কাদার ক্ষেত্রেও একই কথা। (ফাতাওয়া আলমগীরী ১/১১৩)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী
ফতওয়া বিভাগ, জামিয়া নুমানিয়া।
০১ যুল কাদাহ, ১৪৪৫ হিজরী (10/05/2024)